“ছেলে হোক, মেয়ে হোক

দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি

fpo.jhalakathi.gov.bd

বিষয়: **শৌলজালিয়া UH&FWC পরিদর্শন প্রতিবেদন।**

পরিদর্শন প্রতিবেদন

অদ্য ১৮/০১/২০২৩ খ্রি. তারিখ বেলা ২.৩০ ঘটিকায় শৌলজালিয়া UH&FWC পরিদর্শন করি। পরিদর্শনকালে সংশ্লিষ্ট সকলকে কেন্দ্রে উপস্থিত পাওয়া যায়। নবনির্মিত ভবনে সেবা কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে নির্মান কার্যক্রম চলমান থাকায় ভবনটি এখনও আনুষ্ঠানিক হস্তান্তর করা হয়নি বলে জানা যায়। ব্যবহারযোগ্য ( Usable) ও অব্যবহৃত (Unusable) মালামাল একত্রিত রেখে স্টোর পরিচালনা করা হয়। অব্যবহার্য দ্রব্যাদি নিস্পত্তি করণে তালিকা তৈরি করে যথাযথ উদ্যোগ গ্রহণ করা দরকার। IEC ( Information, Education and Communication) সংক্রান্ত ম্যাটারিয়াল ব্যবহারে গুরুত্ব প্রদানের উদ্যোগ গ্রহণ করা দরকার। FWV কর্মস্থলে অবস্থান করে বলে জানা যায়। তবে, SACMO কর্মস্থলে অবস্থান করেন না। নরমাল ডেলিভারি সেবা প্রদানের সকল সুযোগ সুবিধা বিদ্যমান রয়েছে। ইএমআইএস কার্যক্রমে গতিশীলতা আনয়নে FWV এর ট্যাবে ফ্যাসিলিটি সিস্টেম ইনস্টল করার ব্যবস্থা গ্রহণের প্রয়োজন। উপজেলার ট্রাবলশূটারের সহায়তায় কাজটি জরুরী সম্পাদনের প্রয়োজন রয়েছে। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য নিশ্চিতে বিশেষ ক্যাম্প আয়োজনের প্রয়োজন।

পরামর্শঃ

১। SACMO/FWV কে স্টোর ব্যবস্থাপনার FEFO(First Expiry First Out) পলিসি অনুসরণ করে সেবা প্রদান। নিয়মানুযায়ী D&DS kit খোলার সময়ে স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ। অপ্রয়োজনীয় দ্রব্যাদির তালিকা তৈরি করে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করা। যথাযথ প্রক্রিয়ায় ICR সংরক্ষণ করা।

২। FWV/SACMO/FPI/FWA সমন্বয়ে NVD সেবা চালু করা।

৩। UFPO/MO(MCH-FP) কে নবনির্মিত ভবন হস্তান্তর/গ্রহণের সময়ে এ সংক্রান্ত সর্বশেষ পত্রের নির্দেশনা অনুসরণ করে হস্তান্তর/গ্রহণ প্রক্রিয়া শুরু করা। ট্রাবলশুটারকে ভ্রমণ সুবিধার্থে TA বিল প্রদান করে উৎসাহিত করা।

৪। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত FPI কে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি এবং পাক্ষিক সভা নিয়মিত করা।

৫। SACMO/FWV/FPI এর অগ্রীম ভ্রমনসূচি দৃশ্যমান জায়গায় প্রদর্শনের ব্যবস্থা করা।

৬। SACMO/FWV/FPI কে কার্যক্রম দৃশ্যমান করণে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করা।

৭। SACMO/FWV/FPI কে eMIS কার্যক্রমকে জোরদার করণে ব্যবস্থা গ্রহণ করা। eMIS থেকে প্রাপ্ত গর্ভবতির তালিকা নিয়মিত ইউনিয়ন পরিষদকে হস্তান্তর করণে FPI কে ব্যবস্থা গ্রহণ করা। এএনসি সেবা বৃদ্ধির জন্য মোবাইল নম্বরে ফোন করে গর্ভবতী কে সেবা সম্পর্কে অবহিত করা।

৮। SACMO কে স্কুল স্বাস্থ্য/ কেন্দ্র স্বাস্থ্য শিক্ষা আরো জোরদার করা। সেবা নিশ্চিতে google play store থেকে Adolescent Health app টি ইনস্টল করে ব্যবহারের পরামর্শ প্রদান করা। এছাড়া সরাসরি adoinfo.dgfp.gov.bd ওয়েব থেকে তথ্য সেবা প্রদান করা।

৯। IEC ম্যাটারিয়াল যথাযথভাবে ব্যবহার করা। ইটুলকিট(etoolkits.dghs.gov.bd) ব্যবহারে মাঠকর্মীকে FPI এর মটিভেট করা এবং scmp ( scmpbd.org) এর স্টকের সাথে মাঠ পর্যায়ের FWA এর বাস্তব স্টক যাচাই করা।

১০। ইউনিয়নের সকলের সহযোগিতায় UH&FWC তে বিশেষ ক্যাম্প আয়োজন করা।

১১। FPI কে আশ্রয়ন প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিতে PRS ( Population Registration System) সম্পন্ন করে সেবা প্রদান নিশ্চিত করা। শৌলজালিয়া ১/ক ইউনিটসহ সকল ইউনিটে PRS সম্পন্ন করা।

১২। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে সকলকে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা।

১৩। কর্মস্থলে অবস্থান পূর্বক SACMO কে সেবা প্রদান নিশ্চিত করা। UHFWC পরিচালনা কমিটির সভা করা।

১৮-১-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল
অফিসার ( এমসিএইচ-এফপি)
কাঠালিয়া, ঝালকাঠি।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.১৮

তারিখ: ৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি:
১) পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।

১৮-১-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক